তারিখ 27 JAN 2015
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# ফাঁস রোধে অনলাইনে প্রশ্নপত্র পাঠানো হবে

## –মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

■ গাজীপুর প্রতিনিধি

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আলহাজ আ ক ম মোজাম্মেল হক বলেছেন, এসএসসি ও জেএসসি সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে আগামীতে কেন্দ্রে অনলাইনে পরীক্ষার প্রশ্নপত্র পাঠানো হবে। এ বিষয়ে কার্যক্রম চলছে। অনেক কারণে প্রশ্ন ফাঁস হয়ে থাকে। পরীক্ষার প্রশ্ন তৈরি করে ঢাকা থেকে আর পাঠানো হবে না। মঙ্গলবার গাজীপুরের ভাওয়াল রাজবাড়ি মাঠে আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন।

৩৬তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে জেলা প্রশাসন আয়োজিত তিন দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার এবারের প্রতিপাদ্য ছিল– 'জনগণের দোরগোড়ায় সেবা'। জেলা প্রশাসক মো. নুরুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রসাশক (রাজস্ব) মো. মুহসিন, অতিরিক্ত পুলিশ সুপার মো. দেলায়ার হোসেন।